

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : চতুর্থ

বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) আমাদের দেশের আয়তন কেমন?
- খ) কোনো এলাকায় গাছপালা বেশি থাকলে কী হয় ?
- গ) মানুষের বেঁচে থাকার জন্য কী প্রয়োজন ?
- ঘ) নদী-খাল-বিলে পানির অভাবে কী হয় ?
- ঙ) বাংলা ভাষা বুঝতে সমস্যা হয় কাদের?
- চ) মারমারা কখন সাংগ্রেইন উৎসব পালন করে ?
- ছ) মুসলিম মণিপুরি জনগোষ্ঠীর নাম কী ?
- জ) কোথায় জুমচাষ করা হয় ?
- ঝ) সমাজকে সুস্থ ও সুন্দর জীবনযাপনের জন্য যেসব অধিকার অপরিহার্য সেগুলোকে কী বলে?
- ঞ) বিভিন্ন নদী, খাল ইত্যাদির উপর কী রয়েছে ?
- ট) সাধারণভাবে রাষ্ট্রের কোনো সদস্যকে কী বলে ?
- ঠ) দুটি রাজনৈতিক অধিকার উল্লেখ করো।
- ড) ২টি করে সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের নাম লিখ।
- ঢ) হাসপাতালে আমরা কেন যাই ?
- ণ) সম্পদ প্রধানত কত প্রকার ?
- ২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি) ১২ × ১ = ১২
- ক) বৃষ্টিপাত বেশি হলে নদীনালা, খালবিল ..... ভরে যায়।
- খ) সমাজে নারীর ..... বাড়বে নারী ও পুরুষ পাশাপাশি কাজ করলে।
- গ) বাংলাদেশে প্রায় ..... ক্ষুদ্র জাতিসত্তার বাস রয়েছে।

ঘ) প্রত্যেক নাগরিক রাষ্ট্রের প্রতি ..... স্বীকার করতে হবে।

ঙ) কারো মনে ..... দেওয়া উচিত নয়।

চ) সবার সাথে ..... ব্যবহার করা উচিত।

ছ) গ্রামের সেতুটি তৈরিতে ..... সহায়তা করবে।

জ) আমরা কখনো কখনো ..... আক্রান্ত হই।

ঝ) নিজ এলাকা বলতে ..... বুঝায়।

ঞ) পৃথিবীর দীর্ঘতম নদীটি ..... মহাদেশে অবস্থিত।

ট) ..... পাহাড় কুমিল্লায় অবস্থিত।

ঠ) ২০০৭ সালে আমাদের দেশে ভয়াবহ ..... দুর্ঘটনা হয়।

ড) প্রতিবছর বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার ..... ভাগ।

ঢ) পাল বংশের বিশেষ কৃতিত্ব হলো ..... দূরীকরণ।

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ:  $৫ \times ২ = ১০$

বামপাশ	ডানপাশ
ক) পশুপাখি আমাদের	বেশি ঘরবাড়ি।
খ) উত্তর এলাকার ভূমি	বেশ ঠাণ্ডা পড়ে।
গ) দক্ষিণ এলাকার ভূমি	কিছুটা উঁচু।
ঘ) উত্তর এলাকায় শীতকালে	বড় বড় ঘর।
ঙ) সমাজে মানুষ বেশি হলে	নানা প্রয়োজন মেটায়।
প্রয়োজন হয়	
	পাশাপাশি কাজ করলে।
	বেশ নিচু।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

$৬ \times ৮ = ৪৮$

ক) মনে কর, তোমার বাড়ি উত্তরবঙ্গের রংপুর জেলায়। খুলনা জেলার প্রাকৃতিক পরিবেশের সাথে তোমার জেলার পার্থক্য কেমন হবে, লিখ।

খ) ক্লাসে তোমার পাশে তোমার এক বন্ধু বসেছে। দূরে বোর্ডে লেখা ঠিকমতো পড়তে পারছে না। তোমার বন্ধুটিকে কোন ধরনের শিশু বলা যায়? এ ধরনের শিশুদের সাহায্য করার জন্য তোমার করণীয় চারটি কাজ লেখ।

গ) তুমি পটুয়াখালিতে বেড়াতে গিয়ে সেখানে কিছু ক্ষুদ্র জাতিগোষ্ঠীর লোক দেখতে পেলে। এরা বান্দরবানে বাস করে। এই ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাম কী?

তাদের উৎসব সম্পর্কে চারটি বাক্য লিখ।

ঘ) তুমি বাংলাদেশের নাগরিক। বাংলাদেশের নাগরিক হিসেবে তুমি কার কাছ থেকে নাগরিক অধিকার লাভ করবে? এখান থেকে কয় ধরনের নাগরিক অধিকার লাভ করবে? এ অধিকারগুলো উল্লেখ করো।

ঙ) বড়দের শ্রদ্ধা করা, ছোটদের আদর করা, প্রতিবেশীদের সাথে মিলেমিশে চলা এগুলো কোন ধরনের গুণের মধ্যে পড়ে? চারটি নৈতিক গুণের নাম লিখ।

চ) খেলার মাঠে তোমার বন্ধুদের মাঝে একটি বিষয় নিয়ে মতবিরোধ দেখা দিল। কোন সামাজিক গুণটি তোমার বন্ধুদের মতবিরোধের মীমাংসা করতে পারে? এ গুণটির প্রয়োজনীয়তা সম্পর্কিত আরও চারটি বাক্য লিখ।

ছ) তোমার মা হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় তোমার বাবা তাকে হাসপাতালে নিয়ে গেল। হাসপাতাল কোন ধরনের সম্পদ? সমাজজীবনে নানা রকম প্রয়োজন মেটানোর জন্য মানুষ যেসব সম্পদ গড়ে তোলে তাকে কোন ধরনের সম্পদ বলে? এ ধরনের তিনটি সম্পদের নাম লিখ।

জ) তুমি টিভি দেখলে একজন ব্যক্তি অপরাধীর বিচার করছেন এবং আইনজীবীরা অপরাধীর পক্ষে-বিপক্ষে বিভিন্ন কথা বলছেন। যিনি অপরাধীর বিচার করেন তাকে কী বলা হয়? আদালতে কয় পক্ষের আইনজীবী থাকেন? আইনজীবী সম্পর্কে তিনটি বাক্য লিখ।

ঝ) এলাকার উন্নয়ন টিকিয়ে রাখার জন্য যেকোনো ধরনের অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষণ করা দরকার। শহর এলাকার একটি উন্নত সুযোগ-সুবিধার নাম লিখ। এলাকার উন্নয়নের জন্য আমাদের সকলের দায়িত্ব রয়েছে এমন চারটি দিক উল্লেখ করো।

ঞ) তোমার এলাকার চারপাশে অনেক গাছপালা রয়েছে। প্রচুর বৃষ্টিপাত হওয়ার একটি প্রধান কারণ উল্লেখ করো। প্রচুর বৃষ্টিপাতের দুটি সুফল ও বৃষ্টিপাত কম হওয়ার দুটি কুফল উল্লেখ করো।